

কেস স্টাডি

সেদিন ছিল বৃষ্টির দিন। আকাশে গুড়গুড় করে মেঘ ডাকছিল। দূর থেকে কুকুরের চিৎকারের আওয়াজ শোনা যাচ্ছিল। পাশের বাড়ির ছাদে দুটি বাচ্চা মেয়ে নুপুর পরে নাচ করছিল সেই বৃষ্টির মধ্যে। মা তাদেরকে ভিজতে বারণ করলেও তারা কোন কথা শোনে নি। রাস্তা দিয়ে ছাতা মাথায় একটি লোক বাজার করে ফিরছিল। বাবাকে ফিরতে দেখেই তারা ছাদ থেকে নেমে পড়েছিল।

i) রাস্তার লোকটি কে ছিল?

বাবা /কাকা/ মামা/ দাদু

ii) দিনটা কেমন ছিল?

বৃষ্টি ভেজা/ গরম/ তেলতেলে/ কোনোটিই নয়

iii) নুপুর কোথায় পরা হয়? পায়ে/ হাতে /গলায়/
কানে

iv) মাথার উপরে কি ছিল?

ছাদ/ ব্যাগ /ছাতা /চাঁদ

v) দূর থেকে কে আওয়াজ করছিল?

মা /বাবা/ মেঘ/ কুকুর

vi) গুড়গুড় শব্দ করে কে ডাকে?

মেঘ /বৃষ্টি /কুকুর /বিড়াল